

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৬১৪৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

### الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: خَرَجْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طَائِفَةٍ مِنَ النَّهَارِ حَتَّى أَتَى خِيبَاءَ فَاطِمَةَ فَقَالَ: «أَتَمُّ لُكْعُ؟ أَتَمُّ لُكْعُ؟» يَعْني حَسَنًا فَلَمْ يَلْبَثْ أَنْ جَاءَ يَسْعَى حَتَّى اعْتَنَقَ كُلُّ وَاحِدٍ مِنْهُمَا صَاحِبَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُمَّ إِنِّي أَحِبُّهُ فَأَحِبِّهِ وَأَحِبَّ مَنْ يُحِبُّهُ». مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (2122) و مسلم (57 / 2421)، (6257) -  
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬১৪৩-[৯] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন দিনের একাংশে আমি রাসূলুল্লাহ (সা.) -এর সাথে বের হলাম। অবশেষে তিনি (সা.) ফাতিমা (রাঃ) -এর গৃহের কাছে এসে বললেন, খোকা এখানে আছে কি? খোকা এখানে আছে কি? অর্থাৎ 'হাসান। অনতিবিলম্বে তিনি দৌড়িয়ে এসে গলা জড়িয়ে ধরলেন একে অন্যের। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, হে আল্লাহ! আমি তাকে ভালোবাসি, তুমিও তাকে ভালোবাসো। আর যে তাকে ভালোবাসবে তুমি তাকেও ভালোবাসো। (বুখারী ও মুসলিম)।

ফুটনোট

সহীহ: বুখারী: ২১২২, মুসলিম ৫৭-(২৪২১), সহীহ আল আদাবুল মুফরাদ ৮৮৩, আবু ইয়া'লা ৬৩৯১, আল আদাবুল মুফরাদ ১১৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَتَمُّ لُكْعٍ؛ أَتَمُّ لُكْعٍ) নিহায়াহ্ গ্রন্থে বলা হয়েছে, (لُكْعٍ)(লুকা') শব্দ দ্বারা আরবগণ দাসকে বুঝাতেন। পরবর্তীতে নির্বোধ ও তুচ্ছ বিষয়কে বুঝাতে লুকা ব্যবহার করা হয় এবং কখনো কখনো ছোট শিশুকে নির্দেশ করে। যদি উক্ত শব্দ কোন বড় জিনিসের প্রতি ব্যবহার করা হয়, তাহলে এর দ্বারা উদ্দেশ্য হবে স্বল্প জ্ঞানী ও নির্বোধ। ইমাম কাযী ইয়ায (রহিমাল্লাহ) বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো ছোটদের আদর ও স্নেহ করা। ইমাম ইবনু মালিক (রহিমাল্লাহ) বলেন: এ হাদীস প্রমাণ করে যে, “মুআনাকা” করা বা ঘাড়ের সাথে ঘাড় মিলানো বৈধ।

ইমাম নবাবী (রহিমাল্লাহ) বলেন, মুআনাকা করার ক্ষেত্রে ছোটদের স্পর্শ করা ও তাদের সাথে সম্পর্ক তৈরি করা বৈধ। ছোট শিশু ও অন্যান্যদের সাথে বিনয় নম্র ব্যবহার করা মুস্তাহাব।

(اللَّهُمَّ إِنِّي أُحِبُّهُ فَأَحِبَّهُ وَأَحِبَّ مَنْ يُحِبُّهُ) “হে আল্লাহ! আমি তাকে ভালোবাসি, তুমিও তাকে ভালোবাসো আর যে তাকে ভালোবাসবে তুমি তাকেও ভালোবাসো।”

মিরকাতুল মাফাতীহ প্রণেতা এ কথার ব্যাখ্যায় বলেন, এর অর্থ হলো: হে আল্লাহ! তুমি আমাদেরকে তার প্রেমিক ও বন্ধু বানাও। আমাদের তার শত্রু ও দুশমন বানিও না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86119>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন